

আইসিএসবি কর্পোরেট গভর্ন্যান্স এক্সিলেন্স অ্যাওয়ার্ডে স্বর্ণপদক পেল সামিট পাওয়ার লিমিটেড



ফটো ক্যাপশন: সামিট পাওয়ারের পক্ষ থেকে পরিচালক আজিজা খান এবং ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ, মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এর নিকট থেকে কর্পোরেট গভর্ন্যান্স এক্সিলেন্সে স্বর্ণপদক গ্রহণ করেন।

(ঢাকা) ১১ই নভেম্বর ২০১৮, রবিবার: সামিট পাওয়ার লিমিটেড, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি) আয়োজিত ন্যাশনাল করপোরেট গভর্ন্যান্স এক্সিলেন্স অ্যাওয়ার্ড অনুষ্ঠানে ফুয়েল এন্ড পাওয়ার ক্যাটাগরিতে স্বর্ণপদক অর্জন করলো। এর মধ্য দিয়ে ৪র্থ বারের মতো এই স্বীকৃতি অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেন, তত্ত্বাবধায়ক সরকারের অর্থ সাবেক উপদেষ্টা ড. এবি মির্জা আজিজুল ইসলাম, আইসিএসবি প্রেডিডেন্ট মোহাম্মদ সানাউল্লাহ এফসিএস, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সাফিয়ার রহমান এবং সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান ফরিদ খান, সামিট পাওয়ার লিমিটেডের ফাইন্যান্সিয়াল কন্ট্রোলার এবং কোম্পানী সেক্রেটারি স্বপন কুমার পাল এফসিএ।

রাজধানীর রেডিসন ব্লু ওয়াটার গার্ডেনের বল রুমে গতকাল ১০ই নভেম্বর, সন্ধ্যায় এই পুরস্কার বিতরণী পুরস্কারের আয়োজন করা হয়।

সামিট পাওয়ার লিমিটেড সম্পর্কে বিস্তারিত:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল 'এ' রেটিং প্রাপ্ত, পূঁজিবাজারে তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। বর্তমানে সামিট গ্রুপ মোট ১,৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে। সামিট পাওয়ার সম্প্রতি গাজীপুরের কডডায় মোট ৪৪৯ মেগাওয়াট ক্ষমতার দুটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করেছে এর ফলে প্রতিষ্ঠানটি মোট উৎপাদন ক্ষমতা ৯৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে টানা পাঁচবার ধারাবাহিকভাবে সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে।

মিডিয়া বিজ্ঞপ্তি

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসানা ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।

<https://summitpowerinternational.com/press-release>